বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd
**সুপারভাইজরি পলিসি এন্ড কোঅর্ডিনেশন ডিপার্টমেন্ট**

এসপিসিডি সার্কুলার নং-০৪

তারিখ : ২৫ ফেব্রুয়ারি, ২০২৬ / ১২ ফাল্গুন, ১৪৩২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

<u>নিরীক্ষিত আর্থিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে দাখিল প্রসঙ্গে।</u>

শিরোনামোক্ত বিষয়ে ১০ অক্টোবর, ২০১৩ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪০ ধারায় তফসিলি ব্যাংকসমূহের অনুমোদিত নিরীক্ষিত আর্থিক বিবরণী হিসাব বছর সমাপ্ত হওয়ার দুই (০২) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংকগুলোকে যথাসময়ে আর্থিক বিবরণী প্রস্তুত, নিরীক্ষা, অনুমোদন এবং উক্ত আর্থিক বিবরণীর তিনটি কপিসহ মুদ্রিত বার্ষিক প্রতিবেদনের (Annual Report) একটি কপি বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিলের বিষয়ে বর্ণিত সার্কুলারে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ব্যাংকিং তদারকি কার্যক্রম শক্তিশালী এবং আন্তর্জাতিক মানদণ্ডে উন্নীত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুপারভিশন সংশ্লিষ্ট সকল বিভাগকে পুনর্গঠনপূর্বক রিস্ক বেইজড সুপারভিশন (আরবিএস) বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়, যা আপনাদেরকে ২৪ ডিসেম্বর, ২০২৫ তারিখে জারিকৃত এসপিসিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে অবহিত করা হয়েছে।

০৪। এতদ্প্রেক্ষিতে আপনাদেরকে অত্র সার্কুলারের ০২ নং ক্রমিকে বর্ণিত কার্যাদি যথাসময়ে সম্পাদনকরতঃ ২০২৫ ভিত্তিক এবং তৎপরবর্তী প্রস্তুতকৃত সকল আর্থিক বিবরণীর তিনটি কপিসহ মুদ্রিত বার্ষিক প্রতিবেদনের (Annual Report) একটি কপি সংশ্লিষ্ট ব্যাংক সুপারভিশন ডিপার্টমেন্ট বরাবর দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৫। এতদ্বিষয়ে ১০ অক্টোবর, ২০১৩ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০৩ বাতিল বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আবদুর রব)
পরিচালক (এসপিসিডি)
ফোন : ৯৫৩০১৭৩